

## ঢাবি ছাত্র কাদেরের মামলায় ওসি হেলাল কারাগারে

### ■ কোর্ট রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আব্দুল কাদেরকে নির্বাহকের মাধ্যমে মিথ্যা স্বীকারোক্তি আদায়ের অভিযোগে দায়ের করা মামলায় খিলগাঁও থানার সাবর্ক ওসি হেলাল উদ্দিনকে কারাগারে পাঠিয়েছে আদালত। গতকাল সোমবার ঢাকার মুখ্য পৃষ্ঠা ১৯ কলাম ২

## ঢাবি ছাত্র কাদেরের

প্রথম পৃষ্ঠার পর মহানগর হাকিমের আদালতে আত্মসমর্পণ করে ওসি হেলাল জামিনের আবেদন করলে মহানগর হাকিম মিজানুর রহমান ওনানি শেষে তার জামিন আবেদন নাকচ করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

গত ২৩ জানুয়ারি ওসি হেলালের বিরুদ্ধে খিলগাঁও থানায় জোরপূর্বক স্বীকারোক্তি আদায়ের উদ্দেশ্যে মারপিট ও ধারালো অস্ত্র ধরা গুরুতর জখম করার অভিযোগে কাদের এ মামলা করেন। এ মামলায় ওসি হেলালকে ২ ফেরয়ারি হাইকোর্ট থেকে দুই মাসের জামিন এবং নিম্ন আদালতে আত্মসমর্পণের নির্দেশ দেয়। গতকাল জামিনের মেয়াদ শেষ হলে তিনি নিম্ন আদালতে আত্মসমর্পণ করেন।

গত বছরের ১৫ জুলাই বিকাল ৫টায় আব্দুল কাদের তার ছোট বোন ফারজানা আক্তারকে নিয়ে ওলশানের ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারে এক অনুষ্ঠানে যান। অনুষ্ঠান শেষে সেখান থেকে হসি ফ্যামিলি স্ট্রাফ কোয়ার্টারে তার খালার বাসায় বোনকে রেখে বিশ্ববিদ্যালয়ের হলে ফেরার সময় সেতন বাগিচায় দুর্নীতি দমন কমিশন (দুদক) কার্যালয়ের সামনে পৌছালে টহল পুলিশ তাকে রাত ১টায় আটক করে। সে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং আইডি কার্ড দেখানোর পরও ছিনতাইকারী বলে পুলিশ তাকে খিলগাঁও থানায় নিয়ে যায়। এরপর তাকে শারীরিকভাবে নির্বাতন করে।